

3 (Sem-4/CBCS) BEN CC

2024

BENGALI

(Modern Indian Language)

Paper : BEN-CC-4016

(উনিশ ও কুড়ি শতকের বাংলা সাহিত্য—২)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে ইংরেজি শিক্ষিত নব্য যুবকদের সভার নাম কী?
- (খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি প্রথম কবে প্রকাশিত হয়েছিল?
- (গ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে মোট কয়টি সঙ্গীত রয়েছে?
- (ঘ) "মদ মাস খেয়ে জ্বালালি কল্লেরেই কি সভ্য হয়?" বক্তা কে?

- (ঙ) 'সীমারেখার সীমা' গল্পে ছবির স্বামীর নাম কী?
- (চ) 'সারেঙ' গল্পে নাসিমের মায়ের নাম কী?
- (ছ) মোহন পণ্ডিতের মৃত্যুর সময় তার বড়ছেলে তমোনাশের বয়স কত ছিল?
- (জ) 'দস্তা' উপন্যাসে বনমালীর মেয়ের নাম কী?
- (ঝ) এলাহাবাদ থেকে জগদীশ কাকে পত্র লিখেছিলেন?
- (ঞ) নরেন্দ্র কোথা থেকে ডাক্তারি পাশ করে এসেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) "দেব, কালী, তোমার কে একজন খুড়ো পরম বৈষ্ণব ছিলেন না? যিনি বৃন্দাবনে গিয়ে মরেন।" বক্তা কে? 'পরম বৈষ্ণব' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?
- (খ) "দোহাই সাহেবের আমি চুরি করিনি, আমাকে ছেড়ে দেও।" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?
- (গ) চুরির দায়ে রিপূনাশের কী শাস্তি হয়েছিল?
- (ঘ) 'দস্তা' উপন্যাসের অন্তর্ভুক্ত দুজন ব্রাহ্ম ধর্মাবলম্বী ব্যক্তির নাম লেখো।
- (ঙ) "তোমার দম্মাতেই আমি উকিল হইয়া সুখে আছি। এ কথা কোনদিন ভুলি নাই।" কে, কার দম্মাতে উকিল হয়েছিলেন, লেখো।

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন অবলম্বনে জ্ঞানভরঙ্গিনী সভার বর্ণনা দাও।
- (খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের বাবাজি চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।
- (গ) 'শেষকথা' গল্প অবলম্বনে বুড়ীর মৃত্যুদৃশ্যের বিবরণ দাও।
- (ঘ) 'সীমারেখার সীমা' গল্পে ছবি ও অমলের কথোপকথন পর্বটি সংক্ষেপে লেখো।
- (ঙ) 'দস্তা' উপন্যাসের বিজয়া চরিত্রে দয়ালবাবুর ভূমিকা বর্ণনা করো।
- (চ) 'দস্তা' উপন্যাসের নলিনী চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) প্রহসনের সংজ্ঞা নির্দেশ করে প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা?'-র সার্থকতা বিচার করো।
- অথবা
- (খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে একদিকে বারান্দনা এবং অন্যদিকে বাড়ির অন্দরমহলের মহিলাদের সামাজিক অবস্থানের যে ছবি ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো।
- (গ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

- (ঘ) 'ভোটের সাবিত্রীবালা' গল্পের বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।
- (ঙ) 'সারেঙ' গল্পের অন্তর্গত নাসিম চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

- (চ) 'সীমারেখার সীমা' গল্পের ছবি চরিত্রের স্বরূপ আলোচনা করো।
- (ছ) “ 'দস্তা' উপন্যাসটির কাহিনির কেন্দ্রে রয়েছে নরেন্দ্র ও বিজয়ার প্রেম।” 'দস্তা' উপন্যাস অবলম্বনে মন্তব্যটির সারবস্তু প্রতিপন্ন করো।

অথবা

- (জ) 'দস্তা' উপন্যাসের বনমালী চরিত্রটি বিশ্লেষণ করো।
